

বিশেষ অনুশীলন - ২

শ্রেণীঃ সপ্তম

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনী + সৃজনশীল)

বিষয় কোডঃ ১১১

সময়ঃ ১ ঘন্টা ১৫ মিনিট

পূর্ণমান- ৫০

বহুনির্বাচনী অংশ- ৩০

১। সমগ্র কুরআন মাজিদ নাখিল হতে কত বছর সময় লেগেছিল?

ক) ২৫ বছর খ) ২৩ বছর গ) ২১ বছর ঘ) ১৩ বছর

২। “নিশ্চয়ই এর (আল কুরআন) সংরক্ষণ ও পাঠ করানোর দায়িত্ব আমারই” কোন সূরার অংশ?

ক) আল হিজর খ) আশিয়া গ) আল বাকারা ঘ) আল যারিয়াত

৩। প্রধান ওহি লেখক কে ছিলেন?

ক) হযরত আবু বকর (রা:) খ) হযরত উসমান (রা:) গ) হযরত যায়দ ইবনে সাবিত (রা:) ঘ) হযরত আলী (রা:)

৪। তাজবীদের মাধ্যমে কী জানা যায়?

i) তিলাওয়াতের বিশুদ্ধতা ii) বিরাম চিহ্নের ব্যবহার iii) উচ্চারণের দীর্ঘতা

নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

৫। আখলাকে হামিদাহ এর সুফল হলো -

i) ইমানের পূর্ণতা অর্জন ii) জাহান্নাম থেকে পরিত্রাণ লাভ iii) সর্বোত্তম মর্যাদা লাভ

নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

৬। সূরা আল আদিয়াতের আয়াত সংখ্যা কয়টি?

ক) ৮ টি খ) ৬টি গ) ১০টি ঘ) ১১টি

৭। কানুদ শব্দের অর্থ কী?

ক) অকৃতজ্ঞ খ) ধূলি গ) অবহিত ঘ) অশ্বরাজি

৮। নফল ইবাদতের মধ্যে সর্বোত্তম ইবাদত কোনটি?

ক) তাজবিদ খ) হাদিস শরীফ গ) কুরআন তিলাওয়াত ঘ) চরিত্র

৯। ওয়াকফ অর্থ হচ্ছে-

i) বিরত থাকা ii) স্থগিত করা iii) থামা

নিচের কোনটি সঠিক

ক) i খ) iii গ) i ও iii ঘ) i , ii ও iii

১০। মদের অক্ষর কয়টি

ক) দুইটি খ) তিনটি গ) পাঁচটি ঘ) ছয়টি

১১। জামিউল কুরআন কাকে বলা হয় -

ক) হযরত যায়দ ইবনে সাবিত (রা:) খ) হযরত বিলাল (রা:) গ) হযরত উসমান (রা:) ঘ) হযরত আলী (রা:)

১২। নিচের কোনটি ওয়াকফ মুতলাকের চিহ্ন?

ক) জিম খ) ত্বায়া গ) যাহ ঘ) মিম

১৩। আল মুগিরাত শব্দের অর্থ কী?

ক) আক্রমণ কারী খ) মহাপ্রলয় গ) রঙিন পশম ঘ) কঠোর

** নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:-

মিথুন সাহেব প্রতিনিয়ত অন্যায়ে করে যাচ্ছেন। আল্লাহ তাকে বহু সম্পদ এর মালিক করলেও সে আরো সম্পদের লোভে মানুষের বাড়ীঘর দখল করেছেন। কিয়ামতের কথা উপেক্ষা করে বিভিন্ন খারাপ কাজে লিপ্ত হয়।

১৪। আল কুরআনের মিথুন সাহেবের মতো লোকের বর্ণনা দিয়েছে

ক) আল আদিয়াত খ) আল কারীয়াহ গ) আল লাহাব ঘ) আল ইখলাছ

১৫। মিথুন সাহেব এর মতো লোকদের আখিরাতে-

i) জাহান্নামে নিক্ষেপ করা হবে ii) ভালো মন্দের বিচার করা হবে iii) তাকে চির শান্তির জান্নাত লাভ করবে

নিচের কোনটি সঠিক

ক) i খ) i ও ii গ) ii ও iii ঘ) i , ii ও iii

১৬। ‘তাহযিব’ শব্দের অর্থ কী?

ক) পরোপকার খ) শালীনতা গ) উত্তম চরিত্র ঘ) সমাজ সেবা

১৭। “তোমাদের মধ্যে সে ব্যক্তি আমার নিকট অধিক প্রিয়, যার চরিত্রে সর্বোত্তম- কার বানী ?

ক) আল্লাহর খ) মহানবী (সা:) গ) প্রবাদ ঘ) বিজ্ঞানীদের

১৮। পরোপকারের সুফল হলো -

i) আল্লাহর রহমত লাভ ii) শত্রু মিত্রে পরিনত হয় iii) সমাজে বৃশ্খলা প্রতিনিয়ত হয়

নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

